হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬৭ ঃ মেহেরপুর-সোমবার ১৩ অক্টোবর ২০২৫ ইং ঃ ২৮ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২০ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




মারা গেছেন অস্কারজয়ী অভিনেত্রী ডায়ান কিটন-পৃষ্ঠা-৩

## টিএসপি সার সংকটে বিপাকে মেহেরপুরের কৃষকরা

**মেহেরপুর জেলা একটি কৃষি নির্ভর জেলা। এয় জেলার অর্থনিতি কৃষির উপর নির্ভরশীল। এয় জেলাতে ৪ হাজার ৯৭০ হেক্টর জমিতে সবজি চাষ হয়। এয় সব সবজি জেলার চাহিদা মিটিয়ে দেশের বিভিন্ন জেলাতে যায়। এবার সার সল্পতায় ভয়াবহ বিপর্যয়ের মুখে পড়তে পারে সবজি উৎপাদন।**

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলাতে টিএসপি সারের তীব্র সংকটে বিপাকে পড়েছেন কৃষকরা। জমি তৈরি থাকলেও পর্যাপ্ত সার না পাওয়ায় আমন ধান ও সবজি চাষ নিয়ে শঙ্কায় রয়েছেন তারা। ডিলারের কাছ থেকে চাহিদার তুলনায় অল্প পরিমাণ সার পেয়ে ক্ষোভ প্রকাশ করেছেন কৃষকেরা। কৃষি বিভাগ বলছে সময় মতো ডিপো থেকে সার সরবরাহ না হওয়ায় সারের সংকট দেখা দিয়েছে। মেহেরপুর জেলা একটি কৃষি নির্ভর জেলা। এয় জেলার অর্থনিতি কৃষির উপর নির্ভরশীল। এয় জেলাতে ৪ হাজার ৯৭০ হেক্টর জমিতে সবজি চাষ হয়। এয় সব সবজি জেলার চাহিদা মিটিয়ে দেশের বিভিন্ন জেলাতে যায়। এবার সার সল্পতায় ভয়াবহ বিপর্যয়ের মুখে পড়তে পারে সবজি উৎপাদন। বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন তথ্যমতে জেলায় সারের চাহিদা ৮৪৫ টন এসেছে মাত্র ১০৩ টন। আর এ দিকে কৃষকরা বলছে সঠিক ভাবে সার না পেলে উৎপাদন খরচতো



দুরের কথা ফসলই হবেনা।

উজুলপুর গ্রামের কৃষক আব্দুর রশিদ বলেন, "জমিতে সার দিতে না পারলে ফলন ঠিকমতো হবে না। আমরা কি করব, কেউ কি দেখবে?" কলা চাষি আবেদ আলী জানান, "ডিলার লাইনে দাঁড়িয়ে একটি বস্তা পেলাম। এখন খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে দ্বিগুণ দামে কিনতে হবে। উৎপাদন খরচ কীভাবে উঠবে, বুঝতে পারছি না।" গাংনীর সাহারবাটি গ্রামের আয়নাল হক ও বুড়িপোতার শহিদুল ইসলামও একই অভিযোগ করেছেন। তাদের অভিযোগ ডিলাররা ইচ্ছাকৃত ভাবে খুচরা ব্যবসায়ীদের কাছে বেশি দামে সার বিক্রি করছে, অথচ কৃষকেরা পাচ্ছেন না প্রয়োজনীয় বরাদ্দ।

বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান জানান, গতমাসে জেলার টিএসপি সারের চাহিদা ছিল ৮৪৫ টন, কিন্তু বরাদ্দ এসেছে মাত্র ১০৩ টন। ইউরিয়া, পটাশ, ডিএপি ও এমওপি সারের পর্যাপ্ত সরবরাহ থাকলেও টিএসপি ঘাটতিই বড় সমস্যা হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## ভোটার এলাকা পরিবর্তন করেছেন প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

নিজ ভোটার এলাকা পরিবর্তন করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালকের অনুমোদনের মাধ্যমে প্রধান উপদেষ্টার ভোটার এলাকা পরিবর্তন করা হয়েছে। রোববার (১২ অক্টোবর) নির্বাচন কমিশন সচিবালয় থেকে এ তথ্য জানা গেছে। এনআইডি ডাটাবেজ-এর তথ্যানুযায়ী, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এতোদিন ভোটার ছিলেন মিরপুরে গ্রামীণ ব্যাংক কমপ্লেক্স-এর ঠিকানায়। তবে বর্তমানে এটি পরিবর্তন করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের আওতাধীন ঢাকা-১৭ আসনের গুলশান-২ এর ঠিকানায় স্থানান্তরিত হয়েছেন। এর আগে, গত ২ ফেব্রুয়ারি লিখিতভাবে ঠিকানা পরিবর্তনের জন্য এনআইডিতে আবেদন করেন প্রধান উপদেষ্টা। এরপর এনআইডি মহাপরিচালক এ এস এম হুমায়ুন কবীর গত ১৭ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টার আবেদনে অনুমোদন দেন।

২-এর পৃষ্ঠা দেখুন



## শালিশিতে নারীর ইজ্জতের দম আড়াই লাখ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের পীরতলা গ্রামে এক প্রবাসীর স্ত্রীকে যৌন নির্যাতরে অভিযোগ উঠেছে একই গ্রামের মুন্নার বিরুদ্ধে। এ নারীকে যৌন নির্যাতনের পর আইনের আশ্রায়ে যেতে বধা দিয়েছে স্থানীয় সমাজ পতি ও ভবানীপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা। পরে শালিস বসিয়ে ধর্ষক মুন্নার আড়াই লাখ টাকা জরিমানা করে এ টাকা শালিসের বিচারকরা ভাগ করে নিয়েছে। মুন্না পীরতলা গ্রামের কামরুল ইসলামের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার রাতের দিকে এক প্রবাসীর স্ত্রী একা ঘরে ছিলেন। সেই সময় মুন্না দেয়াল টপকে তার ঘরে ঢুকে। এসময় তাকে জিম্মি করে জোরপূর্বক যৌন নির্যাতন চালাই।ঐ প্রবাসীর স্ত্রীর চিৎকারে শ্বশুরবাড়ির লোকজন ছুটে এলে মুন্না পালানোর চেষ্টা করে, কিন্তু এলাকাবাসী তাকে ধরে ফেলে। ঘটনার পরদিন গত শুক্রবার স্থানীয় প্রভাবশালী ব্যক্তিরা সালিশ বসিয়ে এ প্রবাসীর স্ত্রীকে দিয়ে জোর করে তালাকনামাই সই করিয়ে নেই।সেই সাথে ধর্ষক মুন্নার কাছ থেকে আড়াই লঅখ হাজার টাকা জরিমানা ধার্য করেন। তবে সেই টাকার একটাও নির্যাতিত নারির কাছে পৌঁছায়নি। যৌন নির্যাতিত এ নারী অভিযোগ করেছেন, "মুন্না আমাকে জোর করে যৌন নির্যাতন করেছে। কিন্তু পরদিন সমাজপতিরা আমাকে জোর করে তালাক দিতে বাধ্য করেছে। জরিমানার টাকা ভুক্তভোগীর

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে মেম্বরের ঘুষিতে মেম্বর জখম!

নিজস্ব প্রতিবেদক,মুজিবনগর

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদে টিআর ও কাবিখার বরাদ্দ বণ্টন নিয়ে আলোচনার সময় দুই ইউপি সদস্যের মধ্যে কথা কাটাকাটি থেকে সংঘর্ষে রূপ নেয়। এতে এক মেম্বর অপর মেম্বারের ঘুষিতে গুরুতর আহত হন। রক্তাক্ত অবস্থায়

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনে পরীক্ষিত দলকেই বেছে নেবে জনগণ মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "নির্বাচনে সেই দলকেই জনগণ বেছে নেবে, যে দল পরীক্ষিতড় যারা অতীতে সরকারে থেকে কাজ করেছে, মানুষকে আশার আলো দেখিয়েছে এবং অন্ধকার থেকে আলোতে টেনে এনেছে। অর্থাৎ মানুষ বিএনপিকেই ভোট দেবে।" রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে জাতীয়তাবাদী সমমনা জোটের সহযোগী দল ডেমোক্রেটিক লীগের সাধারণ সম্পাদক মরহুম সাইফুদ্দিন মনির দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে জেলা প্রশাসনের একাধিক কমিটির সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরঃ জেলা প্রশাসকের উদ্যোগে একাধিক মাসিক কমিটির সভাগতকাল রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভাগুলোতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জামিনুর রহমান খান, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থপ্রতিম শীল,

২-এর পৃষ্ঠা দেখুন

## স্কুল ফুটবলে মিয়া মুনসুর একাডেমি জেলা চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর স্টেডিয়াম মাঠে গতকাল রবিবার মেহেরপুর জেলা পর্যায়ে ৫২তম স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল (বালক) ফাইনাল অনুষ্ঠিত হয়েছে। মুজিবনগর উপজেলার আনন্দবাস মিয়া মুনসুর একাডেমি টাইব্রেকারে ৩-১ গোলে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে জেলা চ্যাম্পিয়ন হয়েছে। খেলায় প্রথম অর্ধে হোসাইন গোল করে আনন্দবাস মিয়া মুনসুর একাডেমিকে এগিয়ে নেন। ১৬

২-এর পৃষ্ঠা দেখুন



## ৫ দফা দাবীতে জেলা জামায়াতের বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় নির্বাচনে উভয় কক্ষে পিআর পদ্ধতি চালু করা , নির্বাচনের পূর্বে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নসহ ৫ দফা দাবীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী। গতকাল রবিবার সকাল ১০টায় মেহেরপুর শহিদ

২-এর পৃষ্ঠা দেখুন



## বাস ও মিনিবাস মালিক সমিতির বিশেষ সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের কলেজ মোড়ে সমিতির নতুন অফিসে রবিবার বেলা ১১টায় মেহেরপুর আন্তঃজেলা বাস ও মিনিবাস মালিক সমিতির বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন সমিতির কার্যনির্বাহী কমিটির সভাপতি জহিরুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন সহ-সভাপতি মোজাম্মেল হক, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নুরুল ইসলাম বাবলু, সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম মিন্টু, কোষাধ্যক্ষ রেজানুর রহমান, সড়ক সম্পাদক খলিলুর রহমান, এবং নির্বাহী সদস্য

২-এর পৃষ্ঠা দেখুন

## 'পিআরের জন্য গণভোটে যেতে হবে কেন'- আমীর খসরু মাহমুদ

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, সংসদে সংখ্যানুপাতিক (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশনুপিআর) পদ্ধতি চালুর প্রশ্নে গণভোটে যাওয়ার প্রয়োজন নেই। তিনি প্রশ্ন তোলেন, "সংসদে পিআর পদ্ধতির জন্য গণভোটে যেতে হবে কেন? প্রত্যেক দলেরই বহু ইস্যু আছে, যেগুলো নিয়ে এখনো ঐকমত্য হয়নি। যদি গণভোটের পথেই যেতে চান, তবে আগামী দুই বছর ধরেই শুধু গণভোট করেই সময় কাটবে। জনগণ আমাদের সেই দায়িত্ব দেয়নি।" শনিবার রাজধানীর মৌচাকে কসমস সেন্টারে কসমস গ্রুপ ও ইউনাইটেড নিউজ অব

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে আমিরুল ইসলামের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

ধানের শীষে ভোট প্রার্থনা করে গণসংযোগ ও পথসভা করেছেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। গতকাল রবিবার বিকেল সাড়ে ৫টার দিকে উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর বিশ্বনাথ বাজার ও আশপাশের গ্রামে এ গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম ও সাইফুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল

২-এর পৃষ্ঠা দেখুন

## ১৫ সেনা কর্মকর্তাকে আদালতে হাজির করতে হবে: চিফ প্রসিকিউটর

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেছেন, সেনাবাহিনীর হেফাজতে থাকা ১৫ সেনা কর্মকর্তাকে অবশ্যই আদালতে হাজির করতে হবে। তিনি বলেন, সংবিধান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের আইন এবং ফৌজদারি কার্যবিধি অনুযায়ী, যেখানেই গ্রেপ্তার করা হোক না কেন, তাকে ২৪ ঘণ্টার মধ্যে আদালতে হাজির করা বাধ্যতামূলক। রোববার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, "সংবিধানে আছে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের আইনেও আছে, ফৌজদারি কার্যবিধিতেও আছে যে, যেখানেই গ্রেপ্তার করা হোক না কেন, আদালতে হাজির করার জন্য যতটুকু সময় ব্যয় হবে, সেটুকু ছাড়া ২৪ ঘণ্টার মধ্যে আদালতে উপস্থিত করতে হবে। এটা আইনের স্পষ্ট বিধান।" চিফ প্রসিকিউটর আরও জানান, গুমের মামলায় অভিযুক্ত ওই সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পৌঁছেছে। তবে সেনা কর্মকর্তারা আসলেই আটক আছেন কিনা, সে বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি বলে মন্তব্য করেন তিনি। তাজুল ইসলাম বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক


### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

**খবর (অনলাইন জুয়ার অন্যতম হোতা লিপু গ্রেফতার)**

জুয়ার স্রোতে ভাসতে দেশ
জুয়াড়ীদের ১৬ই ষোল আনা
তার ভিতরে ছোট্ট একটি
খুলনা বিভাগ মেহেরপুর
জেলা।
জুয়ার তোড়ে শহর ছেড়ে
গ্রামে গেছে ছড়িয়ে
পুলিশ তাদের ধরার জন্য
কোমর বেঁধে লেগেছে।
জুয়ার গুটি গুটিয়ে আনতে
এখন পুলিশ জেগেছে
ক্যাসিনো সম্রাট এজেন্সিগুলো
মহা বিপদে পড়েছে।
গ্রাম ছেড়ে পালালি বাঁচা
ধরা খেলি সাতক্ষীরা
মেহেরপুর এনে তোর
ফাটিয়ে ফেলবে হাঁটুর গীরা।






সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ২৮ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৩ অক্টোবর ২০২৫ইং







## মেহেরপুরে তিন উপজেলায় টাইফয়েড ক্যাম্পেইনের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জেলা পর্যায়ে টাইফয়েড টিকা ক্যাম্পেইন উদ্বোধন করা হয়েছে।গতকাল রবিবার মেহেরপুর জেলার তিন উপজেলা মেহেরপুর সদর,মুজিবনগর ও গাংনী উপজেলায় পৃথক পৃথক ভাবে টাইফাইড ক্যাম্পিইনের উদ্ভোধন করা হয়। আমাদের পতিনিধিদের পাঠানো তথ্য চিত্রে প্রতিবেদন। মেহেরপুর: সকালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে একজন ছাত্রীকে টিকা দেওয়ার মাধ্যমে এ ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, জেলা ইসলামিক ফাউন্ডেশন উপ-পরিচালক সিরাজুম মুনির, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক আব্দুস সাত্তার, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা.

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শিশুর মেধা বৃদ্ধির সঠিক পথ: মোবাইল নয়, গল্প, বই

সূর্যোদয় প্রতিবেদন

শিশুর মেধা বিকাশে জিনের ভূমিকা থাকলেও, অভ্যাসের পরিবর্তন সবচেয়ে বেশি প্রভাব ফেলে। পাঁচ বছর বয়সের মধ্যে শিশুর মস্তিষ্কের প্রায় সার্বিক গঠন হয়ে যায়। এই বয়স থেকেই শিশুকে কিছু নির্দিষ্ট অভ্যাস শেখানো প্রয়োজন, যা তার বুদ্ধিমত্তা ও স্মৃতিশক্তি বৃদ্ধি করবে।

১. গল্প বলুন : ছোটদের মধ্যে গল্প শোনার ধৈর্য কম, আর অভিভাবকরা অনেক সময় দিতে পারেন না। তবে রাতের সময় মোবাইল বা ট্যাবের বদলে নানা রকম গল্প শোনার অভ্যাস গড়ে তুললে শিশুর পড়াশোনায় আগ্রহ বৃদ্ধি পাবে। মোবাইলের নীল আলো চোখের ক্ষতি ছাড়াও মস্তিষ্কের কার্যকারিতা প্রভাবিত করে। ২. মেমরি গেম খেলান : খাওয়ার অন্তত তিন ঘণ্টা পরে শিশুকে মেমরি গেম খেলান। এতে শিশুর মন ও স্মৃতিশক্তি উভয়ই উন্নত হয়। অভিভাবকরাও এতে যোগ দিতে পারেন। নিয়মিত খেলায় মনোযোগ বৃদ্ধি পায়, দিনের উদ্বেগ কমে, এবং শিশুর মানসিক বিকাশ ঘটে। ৩. বই পড়ার অভ্যাস : মোবাইল বা ট্যাবের বদলে শিশুকে বই ধরিয়ে দিন। মনোবিদ অনিন্দিতা মুখোপাধ্যায় জানাচ্ছেন, বই পড়ার

৩-এর পৃষ্ঠা দেখুন



## তাজউদ্দিন খানের দাড়িপাল্লার পক্ষে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার শ্যামপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৫টার দিকে শ্যামপুর গ্রামের প্রধান সড়ক ও আশপাশের দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এসময় উপস্থিত ছিলেন জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, সদর শ্রমিক ফেডারেশনের সভাপতি

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রেসক্লাবের সামনে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের ওপর পুলিশের লাঠিপেটা

সূর্যোদয় প্রতিবেদন

সরকার ঘোষিত বাড়িভাড়া ভাতা বৃদ্ধিকে 'অপর্যাপ্ত ও অবাস্তব' আখ্যা দিয়ে তা প্রত্যাখ্যান করেছেন দেশের বেসরকারি এমপিওভুক্ত স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা। মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়িভাড়া ভাতা প্রদানের দাবিতে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি চলাকালে তাদের ওপর পুলিশ লাঠিপেটা করেছে। এ সময় সাউন্ড গ্রেনেড ও জলকামান ছুড়েছে পুলিশ। এতে কয়েকজন শিক্ষক-কর্মচারী আহত হয়েছেন বলে জানা গেছে। রোববার সকাল ৮টা থেকে 'এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোট'-এর ব্যানারে এই কর্মসূচি শুরু হয়। তিন দফা দাবির মধ্যে ছিল মূল বেতনের ২০ শতাংশ বাড়িভাড়া ভাতা প্রদান, শিক্ষক ও কর্মচারী উভয়ের জন্য চিকিৎসা

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে সড়ক প্রশস্তর দাবিতে আমরণ অনশন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী বাজারে সড়ক প্রশস্তকরণের কাজ শুরু করার দাবি জানিয়ে আমরণ অনশন কর্মসূচি ঘোষণা করেছেন সাবেক বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কর্মীরা। গতকাল রবিবার সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেন জাতীয় যুব শক্তির কেন্দ্রীয় সংগঠন ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলার সাবেক সদস্য সচিব মোঃ মুজাহিদুল ইসলাম। তিনি জানান, দীর্ঘদিন ধরে গাংনী বাজারের সড়ক প্রশস্তকরণের কাজ বন্ধ থাকায় এলাকায় জনজীবন চরমভাবে ব্যাহত হয়েছে। ধুলোবালির কারণে ব্যবসা-ব্যবসা ক্ষতিগ্রস্ত হচ্ছে, সাধারণ মানুষ নানা রোগে আক্রান্ত হচ্ছে, এবং প্রতিনিয়ত দুর্ঘটনার ঝুঁকি তৈরি হচ্ছে। মোঃ মুজাহিদুল ইসলাম আরও বলেন, সড়ক জনপদ বিভাগ ও

২-এর পৃষ্ঠা দেখুন

## 'ফেব্রুয়ারিতে নির্বাচন হবে, মানুষ বিশ্বাস করছে না'- আনিসুল ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় পার্টির (জাপা) একাংশের চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, প্রধান উপদেষ্টা ও উপদেষ্টারা ফেব্রুয়ারিতে নির্বাচনের আশ্বাস দিলেও দেশের সাধারণ মানুষ তা বিশ্বাস করছে না। শনিবার রাজধানীর গুলশানের হাওলাদার টাওয়ারে জাতীয় যুব সংহতির কেন্দ্রীয় প্রতিনিধি সভায় তিনি বলেন, 'যেখানেই যাই, রাজনীতিবিদ থেকে শুরু করে সমাজের প্রতিষ্ঠিত ব্যক্তিরা প্রশ্ন করেনড় ফেব্রুয়ারিতে সত্যিই কি নির্বাচন হবে? এই প্রশ্নই প্রমাণ করে, নির্বাচন নিয়ে মানুষের মধ্যে গভীর সংশয় রয়েছে।' শেখ হাসিনার সরকারের সাবেক মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেন, 'সরকারের তথ্য উপদেষ্টা বলেছেন, প্রশাসনের সব পদ বিএনপি-জামায়াত ভাগাভাগি করে নিয়েছে। তাহলে এমন

৩-এর পৃষ্ঠা দেখুন





## ৭০ বিএনপি নেতা জামায়াতে ইসলামীতে যোগদান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের গোপালপুর গ্রামে ৭০ জন বিএনপি নেতাকর্মী জামায়াতে ইসলামীর যোগদান করেছেন। গতকাল রবিবার রাত্রে জামায়াতে ইসলামী'র উদ্যোগে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এই সাধারণ সভায় এ ৭০ জন যোগদান করেন। সাধারণ সভঅ ও যোগদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শ্যামপুর ইউনিয়ন ৩ নং ওয়ার্ড সভাপতি ইমদাদুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলার আমীর মাওলানা তাজ উদ্দীন খান। বিশেষ অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর সসদর উপজেলার আমীর সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের ইসলামী

৩-এর পৃষ্ঠা দেখুন



## তথ্যের অপব্যবহার ঠেকাতে কঠোর কাঠামো গড়ে তোলা হয়েছে

সূর্যোদয় প্রতিবেদন

ডিজিটাল তথ্যের নিরাপত্তা এবং নাগরিকের ব্যক্তিগত উপাত্তের সুরক্ষা নিশ্চিত করতে সরকার একটি শক্ত ও সমন্বিত কাঠামো তৈরি করেছে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব।

৩-এর পৃষ্ঠা দেখুন

## শান্তি প্রস্তাব মানলেও অস্ত্র জমা দেবে না হামাস

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় ভয়াবহ হত্যাযজ্ঞ থামাতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয়েছে। তবে ট্রাম্পের ২০ দফা শান্তি প্রস্তাবে হামাসকে নিরস্ত্র করার যে শর্ত দেওয়া হয়েছে, তা মানবে না বলে জানিয়েছে সংগঠনটি। হামাসের এক শীর্ষ কর্মকর্তা একে 'অসম্ভব ও অগ্রহণযোগ্য' বলে মন্তব্য করেছেন। শনিবার (১১ অক্টোবর) ফরাসি বার্তা সংস্থা এএফপি-কে দেওয়া এক সাক্ষাৎকারে ওই কর্মকর্তা বলেন, "অস্ত্র হস্তান্তর কোনোভাবেই

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্রে সামরিক অস্ত্র উৎপাদন কেন্দ্রে ভয়াবহ বিস্ফোরণ, নিহত ১৬

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের টেনেসি অঙ্গরাজ্যে শুক্রবার মধ্যরাতে একটি সামরিক বিস্ফোরক উৎপাদন কেন্দ্রে ভয়াবহ বিস্ফোরণের ঘটনা ঘটেছে, যার ফলে কমপক্ষে ১৬ জন নিহত হয়েছেন। বিস্ফোরণটি ন্যাশভিল শহর

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিশ্বব্যাপী চাপ ও ঘৃণার মুখে যুদ্ধবিরতিতে বাধ্য নেতানিয়াহু

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বব্যাপী তীব্র ঘৃণা, আন্তর্জাতিক আইনি হুমকি এবং রাজনৈতিক বিচ্ছিন্নতার মুখে অবশেষে গাজা যুদ্ধবিরতি মেনে নিতে বাধ্য হয়েছেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। আল-জাজিরা নেট মাহমুদ সুলতানের একটি বিশ্লেষণে বলা হয়েছে, ইসরাইলের বিরুদ্ধে বিশ্বের ক্রমবর্ধমান ক্ষোভ এবং নেতানিয়াহুর ব্যক্তিগতভাবে একঘরে হয়ে পড়া এই সিদ্ধান্তে বড় ভূমিকা রেখেছে। আলম নেটওয়ার্কের উদ্ধৃতি দিয়ে প্রতিবেদনে বলা হয়, জাতিসংঘে নেতানিয়াহুর উপস্থিতিই এখন

২-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## দেশে প্রথম এআই উদ্ভাবন প্রতিযোগিতা, বিজয়ী পাবেন লাখ টাকা পুরস্কার

সূর্যোদয় প্রতিবেদন

দেশে প্রথমবারের মতো কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক জাতীয় প্রতিযোগিতা 'ভিশনএক্সন: এআই-পাওয়ার্ড ন্যাশনাল ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৫' আয়োজন করছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ (সিএসইডিইউ)। টাইটেল স্পন্সর ইউএস-বাংলা এয়ারলাইন্স, প্লাটিনাম স্পন্সর আইসিটি বিভাগ এবং মিডিয়া পার্টনার ঢাকা পোস্ট। তরুণদের উদ্ভাবনী চিন্তাকে উৎসাহিত করা ও একাডেমিয়া ও শিল্পখাতের মধ্যে সেতুবন্ধন তৈরির লক্ষ্যেই এই আয়োজন। নিবন্ধন শুরু হয়েছে ১৯ সেপ্টেম্বর থেকে, চলবে ১৫ অক্টোবর পর্যন্ত। চূড়ান্ত পর্ব হবে ১৫ নভেম্বর ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে। প্রতিযোগিতায় দুটি ট্র্যাক থাকবে বিজনেস আইডিয়া ও প্রজেক্ট শোকেসিং। উভয় ট্র্যাকের চ্যাম্পিয়ন দল পাবে ১ লাখ টাকা নগদ





পুরস্কার ও দুই দিনের ব্যাংকক ভ্রমণ। প্রথম রানারআপ দল

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ১৩ অক্টোবর ২০২৫ ইং

## নিজস্ব সিলে ভিআইপি পাস বিক্রি: করণকে নোটিশ

মেহেরপুরের সূর্য ক্লাব উদ্বোধনী কনসার্টে নিজস্ব সীল ব্যবহার করে ভিআইপি পাস বিক্রি করার অভিযোগে গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টারের পরিচালক আবু আক্তার করণকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে ক্লাব কর্তৃপক্ষ। ক্লাব জানিয়েছে তার কাজের ফলে নির্ধারিত টিকিট বণ্টন ব্যাহত হয়েছে এবং অর্থনৈতিক ক্ষতির আশঙ্কা তৈরি হয়েছে। ক্লাব সূত্রে জানা যায়, করণ ক্লাবের কোনো কমিটিতে নেই; তবু সভাপতি বা সাধারণ সম্পাদককে জানানো ছাড়া তিনি নিজের সীল ব্যবহার করে ভিআইপি পাস বিতরণ ও বিক্রি করেছেন। এতে ক্লাবের ভাবমূর্তি নষ্ট হয়েছে এবং ভবিষ্যতে এমন অনিয়ম পুনরায় ঘটতে দেওয়া হবে না। ক্লাব লিখিত ব্যাখ্যা দাবী করেছে; ব্যাখ্যা গ্রহণযোগ্য না হলে নীতিমতো শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এবং প্রয়োজন হলে আইনগত পদক্ষেপ নেওয়া হবে। অভিযোগের কড়িকাঠিন্যে ক্লাবের সভাপতি নাহিদ মাহবুব সানি বলেন, “করণ ক্লাবের কেউ নয়। তিনি অননুমোদিতভাবে নিজের সীল ব্যবহার করে পাস বিক্রি করেছেন এটি স্পষ্টভাবে অনৈতিক ও অপরাধসাম্য আচরণ। নোটিশ দিয়ে রাখা হয়েছে; সন্তোষজনক জবাব না পেলে ব্যবস্থা নেওয়া হবে।” অপরদিকে, অভিযোগ না মেনে আবু আক্তার করণ দাবি করেছেন, তিনি কেবল স্থানীয়ভাবে সহায়তা করে অনুষ্ঠানটির প্রস্তুতিতে যুক্ত ছিলেন। তিনি বলেন, “আমি ক্লাবের সদস্য নই, সাংবাদিক ও ক্লাব কর্তৃপক্ষের জন্য প্রায় ১৫০টি পাস দেওয়া হয়েছে। আমার পরিবার-বন্ধুর জন্য ৩০টি নিয়েছি কোনো বিক্রির প্রমাণ নেই। আমি আয়োজক কমিটির প্রধান হিসেবে কাজ করেছি; প্রশাসনিক অনুমতি নিয়ে দ্রুত অনুষ্ঠান সাজাতে হয়েছিল।” তিনি বলেছেন, যদি প্রমাণিত হয় দোষী, সে শাস্তি গ্রহন করবেন। স্থানীয়রা বলছেন, বড় আয়োজনের পিছনে টিকিট ও পাসের বিভাজন স্বচ্ছ না হলে ঘটনাগুলো সংগঠনের উপর কলঙ্ক হয়ে দাঁড়ায়। বিশেষত ক্লাব ও বাহ্যিক সমর্থকের মধ্যকার দায়িত্ববণ্টন ও অনুমোদন প্রক্রিয়া যদি পরিষ্কার না থাকে, তা ভবিষ্যতে অনিয়মকে উস্কে দিতে পারে। এমন ঘটনার সঠিক জবাব নেওয়া সেই সাথে প্রোয়েজনীয় পদক্ষেপ নেওয়া উচিত ক্লাব কর্তৃপক্ষের।

## খাদ্যে ভেজাল: মেহেরপুরসহ সারাদেশে নীরব মৃত্যুর ফাঁদ

উম্মে তানিয়া অনুরাগী



খাদ্যে ভেজাল এখন বাংলাদেশের এক নীরব মহামারি। সময়ের সঙ্গে এর মাত্রা ভয়াবহ আকার নিচ্ছে। পৃথিবীর উন্নত দেশগুলো যখন অর্গানিক ও ভেজালমুক্ত খাবারের দিকে ঝুঁকছে, সেখানে বাংলাদেশে চলছে খাদ্যে ভেজাল মেশানোর প্রতিযোগিতা। ফরমালিন, কার্বাইড, কীটনাশক, আর্সেনিকসহ অসংখ্য ক্ষতিকর রাসায়নিক পদার্থ আজ আমাদের নিত্যদিনের খাবারে। সরকারি হিসাব বলছে, গত অর্থবছরে শিল্পখাতে ফরমালিনের প্রয়োজন ছিল ৫০-৫৫ টন। অথচ আমদানি করা হয় ২০৫ টন। অতিরিক্ত এসব ফরমালিন কোথায় যায় প্রশ্নটা সহজ; এর বেশিরভাগই আমাদের খাদ্যের সঙ্গেই পাকস্থলীতে চলে যাচ্ছে। ডয়েচে ভেলির এক জরিপে বলা হয়, প্রতিবছর প্রায় ৪৫ লাখ মানুষ খাদ্যে বিষক্রিয়ার কারণে নানা রোগে আক্রান্ত হয়। শুধু ভেজাল খাদ্য খেয়ে দেড় লাখ মানুষ ডায়াবেটিসে, দুই লাখ কিডনি রোগে এবং তিন লাখ মানুষ ক্যান্সারে আক্রান্ত হন। মেহেরপুরের বাজারগুলোতেও ভেজালমুক্ত খাবার পাওয়া এখন রীতিমতো ভাগ্যের বিষয়। স্থানীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে প্রায়ই জব্দ হয় রাসায়নিক মেশানো দুধ, মিষ্টি, মাছ ও ফল। বিশেষ করে গাংনী ও মুজিবনগর অঞ্চলে ফরমালিনযুক্ত ফল ও মাছের ব্যবহার চোখে পড়ার মতো। শিশু ও গর্ভবতী মায়েরা ভেজালের সবচেয়ে বড় শিকার। বাজারে বিক্রি হওয়া শিশুখাদ্যের প্রায় ৯৫ ভাগেই ভেজালের উপস্থিতি পাওয়া যায়। ফলে শিশুদের মধ্যে অপুষ্টি, মানসিক বিকার ও অটিজমের হার বাড়ছে উদ্বেগজনকভাবে। অন্যদিকে, ফার্মের মুরগির খাবারে মেশানো হয় আর্সেনিক, মাছের খাবারে মুরগির বিষ্ঠা ও বর্জ্য পদার্থ। এমনকি শুঁটকিতেও ব্যবহৃত হচ্ছে কীটনাশক। এসব বিষাক্ত পদার্থ একবার শরীরে প্রবেশ করলে তা স্থায়ী ক্ষতি করে। জাতীয় জনস্বাস্থ্য ইনস্টিটিউটের ২০২৪ সালের এক প্রতিবেদনে দেখা গেছে দেশের বাজারে পরীক্ষিত ৪৫টি খাদ্যপণ্যের ৫ হাজার ৩৯৬টি নমু-নার সবগুলোতেই ভেজাল শনাক্ত হয়েছে। এর মধ্যে ১৩টি পণ্যে ভেজালের হার প্রায় শতভাগ। আইন অনুযায়ী খাদ্যে ভেজাল মেশালে মৃত্যুদণ্ড পর্যন্ত শাস্তির বিধান রয়েছে। কিন্তু বাস্তবে এ আইনে আজ পর্যন্ত তেমন কোনো দৃষ্টান্তমূলক শাস্তি হয়নি। নিরাপদ খাদ্য আইন, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ফরমালিন নিয়ন্ত্রণ আইনড়্সবই কাগজে কলমে সীমাবদ্ধ থেকে গেছে। ২০১৮ সাল থেকে প্রতি বছর ২ ফেব্রুয়ারি ‘নিরাপদ খাদ্য দিবস’ পালন করা হলেও কার্যকর কোনো পরিবর্তন দেখা যায় না। শুধু রমজান মাসে অভিযান বাড়ে, তারপর সব আগের মতোই চলে। তবে আশার কথা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) একদল গবেষক ফরমালিন শনাক্তে বিশেষ লিটমাস ট্রিপ তৈরি করেছেন, যা ব্যবহার করে ক্রেতা নিজেই খাবারে ভেজাল আছে কিনা তা পরীক্ষা করতে পারবেন। এই ট্রিপ বাজারে সহজলভ্য হলে সাধারণ মানুষ কিছুটা হলেও প্রতারণা থেকে রক্ষা পাবে। মেহেরপুর শহরসহ বড় বড় নগরে ছাদ কৃষিকে উৎসাহিত করা গেলে ভেজালমুক্ত শাকসবজি ও ফলের চাহিদা কিছুটা মেটানো সম্ভব। পাশাপাশি শিশুদের ঘরে তৈরি খাবার খাওয়ার অভ্যাস গড়ে তোলাও জরুরি। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলোড়্এ লড়াই একার নয়, সম্মিলিত হতে হবে সবাইকে। সরকার, ব্যবসায়ী, ভোক্তাড়্সবাই যদি সচেতন না হয়, তাহলে খাদ্যে ভেজাল রোধ করে নিরাপদ বাংলাদেশ গড়া সম্ভব হবে না। (শিক্ষক ও নারী উদ্যোক্তা)

## ব্যভিচার গর্হিত অপরাধ

মাওলানা আবদুর রশিদ

ইসলামে ব্যভিচারকে অন্যতম গুরুতর ও গর্হিত অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। কোরআন ও হাদিসে ব্যভিচারীদের জন্য দুনিয়া ও আখিরাত উভয় জগতেই কঠিন শাস্তির ঘোষণা রয়েছে। সাহাবি আনাস (রা.)-এর বর্ণনায় মহানবী (সা.) বলেছেন “ইমান একটি পোশাক, আল্লাহ যাকে ইচ্ছা তা পরিয়ে দেন; কিন্তু ব্যভিচার করলে আল্লাহ তা খুলে নেন।” আরেক হাদিসে রসুল (সা.) বলেন, “ব্যভিচার থেকে দূরে থাকো। এর ছয়টি ভয়াবহ পরিণতি রয়েছে তিনটি দুনিয়ায়, তিনটি পরকালে। দুনিয়ায় ব্যভিচারীর সৌন্দর্য নষ্ট হয়, আয়ু কমে যায় ও সে দারিদ্র্যে ভোগে। পরকালে আল্লাহর অসন্তুষ্টি, কঠিন হিসাব ও জাহান্নামের শাস্তি তাকে ভোগ করতে হবে।” রসুলুল্লাহ (সা.) আরও বলেন, ইবলিশ (শয়তান) সবচেয়ে বেশি গর্বিত হয় যখন তার অনুসারীরা কাউকে ব্যভিচারে লিপ্ত করতে পারে তখন সে তাকে “মুকুট” পরিয়ে পুরস্কৃত করে। মদ্যপান ও ব্যভিচার সম্পর্কে আরেক হাদিসে বলা হয়েছেড়্“যে ব্যক্তি মদ্যপ অবস্থায় মারা যায়, আল্লাহ তাকে জাহান্নামের ব্যভিচারিণীদের যোনিপথ থেকে নির্গত রক্ত ও পুঁজের নদীর পানি পান করাবেন।” অতএব, ব্যভিচার থেকে বাঁচতে দৃষ্টি ও লজ্জাস্থানের হেফাজত করা আবশ্যক। আল্লাহ বলেন, “মু-মিনদের বল, তারা যেন দৃষ্টি সংযত রাখে এবং নিজেদের যৌনাঙ্গ রক্ষা করে।” ইসলামী শরিয়তে ব্যভিচারী যদি বিবাহিত হয়, তার শাস্তি পাথর নিক্ষেপে মৃত্যু (রাজম); আর অবিবাহিত হলে তাকে এক শবার বেত্রাঘাত করা হবে। নারী ও পুরুষড়্উভয়ের জন্যই একই বিধান প্রযোজ্য। হজরত আয়েশা (রা.) বর্ণনা করেন, কিয়ামতের দিন মানুষ খালি পায়ে, উলঙ্গ অবস্থায় পুনরুত্থিত হবে, কিন্তু ভয়ের কারণে কেউ কারও দিকে তাকাবে না। (বুখারি, মুসলিম)।
অন্য হাদিসে বলা হয়েছে, পৃথিবী কিয়ামতের দিন মানুষের ভালো-মন্দ সব কর্মের সাক্ষ্য দেবেড়্যেদিন কেউ ব্যভিচারসহ কোনো গোপন পাপ লুকাতে পারবে না। আল্লাহ যেন আমাদের সবাইকে ব্যভিচার ও অপকর্ম থেকে রক্ষা করেন, কবর ও হাশরের প্রশ্নোত্তরের প্রস্তুতি গ্রহণের তাওফিক দান করেন।

### শালিশিতে নারীর ইজ্জতের দম

(প্রথম পৃষ্টার পর)

হাতে পৌঁছায়নি, বরং স্থানীয় পুলিশ ও প্রভাবশালীরা ভাগাভাগি করেছে।” স্থানীয় ইউপি সদস্য আজিজুল হক বলেন, সালিশে ঠিক করা হয়েছিল এক সপ্তাহের মধ্যে টাকা দেওয়া হবে। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ভবানীপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা কোনো আইনি ব্যবস্থা নেননি। পীরতলা গ্রামের সমাজসেবক শাহ আলম জানিয়েছেন, ঘটনার রাতেই তারা পুলিশকে বিষয়টি জানান। চার সদস্যের একটি পুলিশ টিম ঘটনাস্থলে আসে, কিন্তু স্থানীয়ভাবে মীমাংসা করার পরামর্শ দিয়ে এবং চলে যান। এদিকে অভিযুক্ত মুন্না এখনও পলাতক রয়েছেন। ভবানীপুর ক্যাম্প ইনচার্জ এসআই আব্দুল করিম বলেন, “আমি ঘটনাস্থলে যাইনি এবং এমন কোনো ঘটনার বিষয়ে জানি না।” গাংনী থানার অফিসার ইনচার্জ বানী ইসরাইল বলেন, “ভুক্তভোগী মহিলা থানায় লিখিত অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

### টিএসপি সার সংকটে বিপাকে

(প্রথম পৃষ্টার পর)

দেখা দিয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উপপরিচালক সামছুল আলম বলেন, “ডিলাররা টাকা জমা দিলেও যশোর থেকে যথাসময়ে সার পাননি। ঘাটতি তৈরি হয়েছে। তবে দ্রুত এটি সমাধান হবে।” তিনি আরো বলেন, “মেহেরপুরের আবহাওয়া জনিত কারণে চার ফসলি জমি। কিন্তু সার বরাদাদ তিন ফসলের জন্য। আবার তামাক চাষের জন্য সারের কোন বরাদ্দ নেই কিন্তু মেহেরপুরের সারের একটি বড় অংশ চলে যায় তামাক চাষে। এটাও সার ঘাটতির অন্যতম একটা কারন।” মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম জানান, “জেলার চার ফসলি জমির কারণে অতিরিক্ত সার প্রয়োজন হয়। বরাদ্দ বাড়াতে উচ্চপর্যায়ে যোগাযোগ করা হচ্ছে। দ্রুত সংকট নিরসনের চেষ্টা চলছে।” কৃষকেরা মনে করছেন, প্লাবিত এলাকার অতিরিক্ত সার মেহেরপুরে সরিয়ে আনলে সংকট অনেকটা কমানো যেত। টিএসপি সংকট দীর্ঘস্থায়ী হলে শুধু চাষাবাদ নয়, বাজারে সবজি ও খাদ্যদ্রব্যের দামও বেড়ে যাওয়ার আশঙ্কা করছেন তারা।

### ভোটার এলাকা পরিবর্তন করেছেন

(প্রথম পৃষ্টার পর)

পরেরদিন অর্থাৎ ১৮ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টার ভোটার এলাকা পরিবর্তন আবেদন সংশোধন হয়।

### মুজিবনগরে মেম্বরের ঘুষিতে মেম্বর

(প্রথম পৃষ্টার পর)

তাকে দ্রুত হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল রবিবার দুপুরে এ ঘটা ঘটে। বাগোয়ান ইউনিয়ন পরিষদের একাধিক সদস্য জানান, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ড মেম্বর আব্দুর রকিব এবং ৭নং ওয়ার্ড মেম্বর ওমর ফারুকের মধ্যে টিআর ও কাবিখার বরাদ্দর বণ্টন নিয়ে উত্তপ্ত বাক্য বিনিময় শুরু হয়। একপর্যায়ে হঠাৎ ওমর ফারুক তার সহকর্মী মেম্বর আব্দুর রকিবের মুখে ঘুষি মারেন। এতে আব্দুর রকিবের নাক ফেটে যায় এবং প্রচুর রক্তক্ষরণ শুরু হয়। তাৎক্ষণিকভাবে আহত মেম্বরকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এদিকে ঘটনার পরপরই অভিযুক্ত মেম্বর ওমর ফারুক ঘটনাস্থল ত্যাগ করেন। এ বিষয়ে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সোহরাব হোসেন বলেন, পরিষদের সভায় প্রকাশ্যে এমন মারামারির ঘটনা খুবই দুঃখজনক। আমরা বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানিয়েছি। এদিকে খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে যায়। তবে এখন পর্যন্ত কেউ কোনো লিখিত অভিযোগ করেননি বলে জানিয়েছেন থানার ওসি মিজানুর রহমান। তিনি বলেন, লিখিত অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

### নির্বাচনে পরীক্ষিত দলকেই বেছে

(প্রথম পৃষ্টার পর)

আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। পিআর (প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতিতে নির্বাচনের দাবির সমালোচনা করে বিএনপি মহাসচিব বলেন, দেশের মানুষ এই পদ্ধতি সম্পর্কে কোনো ধারণাই রাখে না। তিনি বলেন, “এখন একটা নতুন ধারণা এসেছেড়্পিআর পদ্ধতি। এই পদ্ধতি সম্পর্কে কয়জন বোঝেন? এখানে যারা আছেন, বলেন তো বোঝেন?ড়্না না, কেউ বোঝেন না।” তিনি আরও বলেন, “সংস্কার কমিশন এ পদ্ধতির কথা বলেনি। কিছু রাজনৈতিক দল এখন এ নিয়ে আন্দোলন করছেড়্এর একটাই লক্ষ্য, নির্বাচন বিলম্বিত করা। জনগণের হাতে ক্ষমতা ফিরিয়ে দেওয়ার প্রক্রিয়া বিলম্ব করতেই এ প্রচেষ্টা। চাপিয়ে দেওয়া কোনো কিছুই জনগণ গ্রহণ করবে না।” অন্তর্বর্তী সরকারের অঙ্গীকারের কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, “তাদের কমিটমেন্ট ফেব্রুয়ারি মাসে জাতীয় নির্বাচন। আমরা সেটাই দেখতে চাই। জনগণ নির্বাচন দেখতে চায় এবং গণতান্ত্রিক ব্যবস্থায় ফিরে যেতে চায়।” তিনি বলেন, “গণতন্ত্রের মধ্য দিয়েই জনগণের আশা পূরণ সম্ভব। রাতারাতি আলাদিনের চেরাগের মতো পরিবর্তন সম্ভব নয়, তবে প্রক্রিয়ার শুরুটা জরুরি। সেই প্রক্রিয়ায় নতুন বাংলাদেশ দেখতে পাব আমরা।” বিএনপির জন্মই সংস্কারের মধ্য দিয়ে হয়েছে উল্লেখ করে তিনি বলেন, “আমরা সবসময় সংস্কারের পক্ষে ছিলাম। কেউ কেউ প্রচারণা চালাচ্ছে যে বিএনপি সংস্কারের বিরুদ্ধে। এটি মিথ্যা। একদলীয় শাসন থেকে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে বিএনপি। মিডিয়ার স্বাধীনতাও এসেছে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সময়।” তিনি আরও বলেন, “শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান যেমন অল্প সময়ে বাংলাদেশকে জাগিয়ে তুলেছিলেন, তেমনি কর্মযজ্ঞ হাতে নিয়ে মাঠে নামার প্রস্তুতি নিচ্ছেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।” স্বাধীনতার চেতনা ও ইতিহাস ভুলিয়ে দেওয়ার চেষ্টা চলছে উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, “একাত্তরের যুদ্ধ হয়েছিল বলেই আজ আমরা স্বাধীন, চিন্তা করতে পারছি, পরিবর্তনের সংগ্রাম করতে পারছি।” বিএনপি মহাসচিব বলেন, “আমরা চাই বাংলাদেশ সত্যিকার অর্থে একটি গণতান্ত্রিক ও সমৃদ্ধ দেশ হোক। ষড়যন্ত্র-চক্রান্ত সবসময় ছিল, আছে; কিন্তু এগুলো মোকাবিলার শক্তি এ দেশের মানুষের মধ্যেই রয়েছে।”

### চিফ প্রসিকিউটর

(প্রথম পৃষ্টার পর)

“আমাদের কাছে এখনো আনুষ্ঠানিকভাবে কেউ বলেননি যে তারা আটক রয়েছেন। মিডিয়াতে যেটা এসেছে, সেটাকে আমরা এখনো আমলে নিচ্ছি না। যদি আনুষ্ঠানিকভাবে জানানো হয় যে তারা আটক আছেন, তাহলে আইন অনুযায়ী অবশ্যই তাদের আদালতে হাজির করতে হবেড়্এটাই আইনের বিধান।” চিফ প্রসিকিউটর জোর দিয়ে বলেন, “আইন সবার জন্য সমান। কেউ আইনের ঊর্ধ্বে নয়।”

### মুজিবনগরে আমিরুল ইসলামের

(প্রথম পৃষ্টার পর)

হক কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, যুবদল নেতা ওমর ফারুক, উপজেলা ছাত্রদল নেতা শাওন, তুষার, শাহিন, মাকসুদুলসহ বিএনপি, যুবদল ও ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।গণসংযোগ শেষে ধানের শীষের পক্ষে স্লোগান দিয়ে নেতাকর্মীরা রাস্তায় মিছিল করেন।

### বাস ও মিনিবাস মালিক সমিতির

(প্রথম পৃষ্টার পর)

জাহাঙ্গীর হোসেন ও আব্দুল কুদ্দুস মেগা। সভায় পূর্ব সভার রেজুলেশন পাঠ এবং জুন ২০২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করা হয়। এছাড়া সমিতির সাধারণ সম্পাদক হাজী গোলাম রসুল দীর্ঘ এক বছরের বেশি সময় ধরে কার্যক্রমে অনুপস্থিত থাকায় সাধারণ সম্পাদক পদ শূন্য ঘোষণা করা হয়। । কার্যনির্বাহী কমিটির সর্বসম্মত সিদ্ধান্তে সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেনকে নতুন সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব দেওয়া হয়। এছাড়া সহ-সভাপতি মোজাম্মেল হক শারীরিক অসুস্থতার কারণে পদ থেকে অব্যাহতি গ্রহণ করেন। তার স্থলাভিষিক্ত হিসেবে সমিতির সদস্য হাসেম আলীকে নতুন সহ-সভাপতি হিসেবে মনোনয়ন করা হয়।

### আমীর খসরু মাহমুদ

(প্রথম পৃষ্টার পর)

বাংলাদেশ (ইউএনবি) আয়োজিত ‘ইলেকশন ২০২৬: এ ক্রিটিকাল লুক অ্যাট প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন’ শীর্ষক এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। আমীর খসরু বলেন, “গত ১৪ মাস ধরে একটি সরকার ক্ষমতায় আছে, যেটি জনগণের ভোটে নির্বাচিত নয়। সুতরাং প্রথমে একটি নির্বাচিত সরকার ও নির্বাচিত সংসদ গঠন করতে হবে। এরপর প্রত্যেক দলের অধিকার আছে নিজেদের রাজনৈতিক এজেন্ডা ও ধারণা নিয়ে জনগণের কাছে যাওয়ার, জনমত গঠনের।” বিএনপির স্থায়ী কমিটির আরেক সদস্য ড. আব্দুল মঈন খান বলেন, “পিআর পদ্ধতি মূলত দলীয় আসন বাড়ানো ছাড়া জনগণের কোনো বাস্তব উপকার করে না। আমি কেন পিআর চাইব? পার্লামেন্টে কিছু বেশি আসন পাব, এই চিন্তা থেকেই যদি দাবি আসে, তবে তা গণতন্ত্রের ভাষা নয়। মানুষের মৌলিক দাবি উপেক্ষা করে ক্ষমতা বাড়ানোর চিন্তা গণতন্ত্রকে দুর্বল করে।” আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মামুন আল মোস্তফা। সভাপতিত্ব করেন কসমস গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এনায়েতউল্লাহ খান। সভায় আরও অংশ নেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ, এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু, ও গণঅধিকারের সাধারণ সম্পাদক রাশেদ খান প্রমুখ।

### ৫ দফা দাবীতে জেলা জামায়াতের

(প্রথম পৃষ্টার পর)

সামসুজ্জোহা পার্ক থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে প্রধান সড়ক পদক্ষিন শেষে জেলা প্রশাসকের কার্যালয় প্রঙ্গনে গিয়ে সমাবেশ হয়। সমাবেশ শেষে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপপি প্রদান করেছে। মিছিল শেষে সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন , মেহেরপুর জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, মেহেরপুর পৌর আমির সোহেল রানা ডলার, গাংনী উপজেলা আমির ডাঃ রবিউল ইসলাম, গাংনী উপজেলা সেক্রেটারী জাহাঙ্গীর আলম, গাংনী পৌর আমির আহসান আলী, মুজিবনগর উপজেলা আমীর মাও. খানজাহান আলী, উপজেলা নায়েবে আমীর মাওলানা ফিরাতুল ইসলাম, উপজেলা সেক্রেটারি ও জেলা প্রচার মিডিয়া সেক্রেটারি মোঃ খাইরুল বাসারসহ জামায়াতে ইসলাম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, কমৃবৃন্দ। এসময় বক্তারা প্রধান উপদেষ্টাকে উদ্দেশ্য করে বলেন , আমরা মনে করি ৫দফা দাবিসমূহ বাস্তবায়িত হলে জনগণের আস্থা পুনরুদ্ধার হবে, রাজনৈতিক স্থিতিশীলতা ফিরে আসবে এবং আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন আয়োজন করা সম্ভব হবে যা বাংলাদেশকে একটি অনন্য উচ্চতায় আসীন করবে। তাই আমরা জনগণের পক্ষে উপরোক্ত ৫-দফা দাবি বাস্তবায়নের জন্য আপনার নিকট জোর দাবি জানাচ্ছি। বাংলাদেশ জামায়াতে ইসলামী’র ৫-দফা দাবিসমূহঃ ১। আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনের পূর্বে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ জারি ও উক্ত আদেশের উপর গণভোট আয়োজন করা ২ । আগামী জাতীয় নির্বাচনে উভয় কক্ষে পিআর পদ্ধতি চালু করা ৩ । অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের লক্ষ্যে সকলের জন্য লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করা ৪। ফ্যাসিস্ট সরকারের সকল জুলুম-নির্যাতন, গণহত্যা ও দুর্নীতির বিচার দৃশ্যমান করা ৫। স্বৈরাচারের দোসর জাতীয় পার্টি ও ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ করা।সমাবেশ শেষে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপপি প্রদান করা হয়।

### স্কুল ফুটবলে মিয়া মুনসুর একাডেমি

(প্রথম পৃষ্টার পর)

মিনিটের সময় জোড়পুকুরিয়ার রাব্বি সমতা আনে। শেষ মুহূর্তে রাব্বি পেনাল্টি পেলেও গোল করতে ব্যর্থ হন। নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ সমতায় শেষ হওয়ায় টাইব্রেকারে গড়ানো হয়। টাইব্রেকারে আনন্দবাস মিয়া মুনসুর একাডেমির আরাফাত, ইয়ামিন ও হোসাইন গোল করেন, আর জোড়পুকুরিয়ার অপু একটি গোল করেন। বিজয়ী দল খুলনা অঞ্চল পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করেছে।

### মেহেরপুরে জেলা প্রশাসনের একাধিক

(প্রথম পৃষ্টার পর)

সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক শামসুল আলম, পিপি সাইদুর রাজ্জাক, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান,জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুস সাত্তার, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর উপপরিচালক মহিবুর রহমান,জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মনির,জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আবদুর রাহীম, মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান,জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক নাসিমা খাতুন,বিজিবি’র প্রতিনিধী মিজানুর রহমান, প্রভেশন কর্মকর্তা মোঃ মিজানুর রহমান, কোর্ট পুলিশ পরিদর্শক জিয়াউদ্দিন,মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন,বাংলাদেশ জেলা মহিলা দলের সানেনেত্রী সায়েদতুননচ্ছা নয়ন ,পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন, প্রমুখ। সভাগুলোতে জেলা প্রশাসনের এ্যাসিড অপরাধ নিয়ন্ত্রণ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, চোরাচালান প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ এবং জেলা আইন শৃঙ্খলা কমিটির কার্যক্রম পর্যালোচনা করা হয়। জেলার আইন শৃঙ্খলা, সীমান্ত নিরাপত্তা, মাদক ও মানবপাচার প্রতিরোধসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তর আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ড. মোহাম্মদ আবদুল ছালাম সভায় অংশগ্রহণকারীদেরকে প্রতিটি কমিটির কার্যক্রম আরও কার্যকর করার নির্দেশনা প্রদান করেন।

### বিশ্বব্যাপী চাপ ও ঘৃণার মুখে

(শেষ পৃষ্টার পর)

ঘৃণার প্রতীক হয়ে উঠেছিল। জাতিসংঘের সাধারণ পরিষদে ভাষণ দিতে গিয়ে তিনি যখন মঞ্চে উঠেন, তখন বহু প্রতিনিধি হল ত্যাগ করেন। ফলে নিজেকে প্রায় শূন্য কক্ষে দেখতে পান ইসরাইলি প্রধানমন্ত্রী। এ সময় আন্তর্জাতিক অপরাধ আদালত (ওঈঈ) কর্তৃক সম্ভাব্য গ্রেফতারি পরোয়ানার ভয়ে নেতানিয়াহু ইউরোপীয় আকাশে উড়তেও অনিচ্ছুক ছিলেন বলে জানা গেছে। ২০২৫ সালের আগস্টে ২৮টি পশ্চিমা দেশ গাজায় গণহত্যা বন্ধে তেল আবিবের প্রতি আহ্বান জানায়। শুধু তাই নয়, বহু দেশ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান ইসরাইলের বিরুদ্ধে সাংস্কৃতিক, শিক্ষাগত ও ক্রীড়া নিষেধাজ্ঞার প্রস্তাব দেয়। ইসরাইলি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নিমরোদ গর্ন স্বীকার করেছেন, “গাজা যুদ্ধের কারণে এখন বিশ্বের বড় অংশ আমাদের বিরুদ্ধে।” ইসরাইলের সাবেক প্রধানমন্ত্রী এহুদ ওলমার্টও বলেন, “আমরা একটি ঘৃণিত রাষ্ট্রে পরিণত হয়েছি।” নেতানিয়াহুর অন্যতম বড় ভুল ছিলড় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ওপর অগাধ আস্থা রাখা। তিনি ভেবেছিলেন, ট্রাম্প কখনোই তাকে চাপ দেবেন না। কিন্তু সময়ের সঙ্গে চিত্র বদলে যায়। ট্রাম্প প্রশাসন গোপনে হামাসের সঙ্গে আলোচনা শুরু করে, সিরিয়ার ওপর থেকে কিছু নিষেধাজ্ঞা তুলে নেয় এবং ইরানের সঙ্গে আলোচনায় আগ্রহ দেখায়ড়্যা নেতানিয়াহুকে বিচলিত করে। পরিস্থিতি এতটাই জটিল হয়ে ওঠে যে, ট্রাম্প প্রকাশ্যে নেতানিয়াহুর প্রতি “হতাশা” ব্যক্ত করেন এবং সতর্ক করেন যে “যুদ্ধ শেষ করতে হবে।” পিউ রিসার্চ সেন্টারের জরিপে দেখা গেছে, ৫৮ শতাংশ ইসরাইলি মনে করেনড়্দেশটি এখন আর বিশ্বের শ্রদ্ধার জায়গায় নেই। অধিকাংশই যুদ্ধের অবসান চান। এদিকে ইউরোপজুড়ে ইসরাইলবিরোধী আন্দোলন তীব্র আকার ধারণ করেছে। লাখো মানুষ রাস্তায় নেমে গাজা হত্যাযজ্ঞের প্রতিবাদ করেছে। ইসরাইলি গণমাধ্যমও বলছে, এটি ইউরোপুইসরাইল সম্পর্কের “সবচেয়ে বিপজ্জনক মোড়।”

### গাংনীতে সড়ক প্রশস্তর দাবিতে

(শেষ পৃষ্টার পর)

জেলা প্রশাসনের পক্ষ থেকে কোনো ব্যবস্থা না নেওয়ায় আমরণ অনশন কর্মসূচি ঘোষণা করা হয়েছে। প্রশাসন যদি দ্রুত পদক্ষেপ না নেয়, আগামী কয়েক দিনের মধ্যে এই কর্মসূচি কার্যকর করা হবে। স্থানীয়রা অভিযোগ করেছেন, পূর্বে বিভিন্ন দাবিতে সড়ক অবরোধ, টায়ার জ্বালিয়ে বিক্ষোভসহ নানা কর্মসূচি পালনের পরও বর্তমানে প্রশাসন নিরব ভূমিকা পালন করছে, যা জনমনে প্রশ্ন তৈরি করেছে। গাংনী বাজারের ব্যবসায়ীরা জানান, ধুলোবালির কারণে তাদের ব্যবসা অনেক কমে গেছে। উন্নয়নের নামে দীর্ঘ সময় ধরে ড্রেন নির্মাণের জন্য রাস্তা খুঁড়ে রাখার ফলে চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়েছে। বর্তমানে বাজারটি ধুলোবালি শহরে পরিণত হয়েছে। সড়ক প্রশস্তকরণের বিষয়ে জানতে চাইলে সহকারী প্রকৌশলী মিজানুর রহমানকে মোবাইল করা হলে তিনি রিসিভ করেননি।

## দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে ইতিহাস গড়লো নামিবিয়া

সূর্যোদয় প্রতিবেদন

নামিবিয়া ক্রিকেট ইতিহাসে আজ রেকর্ড গড়লো। একমাত্র টি-টোয়েন্টি ম্যাচে শক্তিশালী দক্ষিণ আফ্রিকাকে ৪ উইকেটে হারিয়ে দেশটি আন্তর্জাতিক ক্রিকেটে নিজেদের অস্তিত্ব নিশ্চিত করলো। এই জয়ের আনন্দে মাতোয়ারা ছিল প্রায় ৪ হাজার দর্শক। ম্যাচটি নতুন নামিবিয়া ক্রিকেট গ্রাউন্ডে (এনসিজি) অনুষ্ঠিত হয়, যা এই ম্যাচকে আরও স্মরণীয় করে তুলেছে। এটি দক্ষিণ আফ্রিকার সঙ্গে নামিবিয়ার প্রথম আন্তর্জাতিক সাক্ষাৎও ছিল। এই এক জয়ের মাধ্যমে নামিবিয়া চতুর্থ পূর্ণ সদস্য দলকে হারানোর কৃতিত্ব অর্জন করলো; এর আগে তারা জিম্বাবুয়ে, আয়ারল্যান্ড ও শ্রীলঙ্কাকে হারিয়েছে। দক্ষিণ আফ্রিকা প্রথমে ব্যাট করতে নেমে ধাক্কা খায়। ওপেনার কুইন্টন ডি কক মাত্র ১ রান করে আউট হলে প্রোটিয়ারা ধীরে ধীরে দিশাহারা হয়ে যায়। ১৩তম ওভারে তারা ৮২ রানে ৬ উইকেট হারিয়ে বিপদে পড়ে, কিন্তু জেসন স্মিথ (৩১) ও জর্ন ফরচুইনের (২৭) সপ্তম উইকেটে জুটিটি ৩৭ রান যোগ করে কিছুটা সম্মানজনক স্কোর গড়েন। নামিবিয়ার ব্যাটিংও একইভাবে ঝুঁকিপূর্ণ ছিল। ১৩তম ওভারে ৮৪ রানে ৫ উইকেট হারানো পরিস্থিতিতে উইকেটরক্ষক-ব্যাটার জেন গ্রিন (২৩ বলে ৩০*) ও রুবেন ট্রাম্পেলম্যান (১১*) দ্রুতগতিতে জুটি গড়ে দলকে জয়ের পথে নিয়ে যান। শেষ ওভারে নামিবিয়ার প্রয়োজন ছিল ১১ রান। গ্রিনের ফাইন লেগে ছক্কার মাধ্যমে ও ট্রাম্পেলম্যানের সহায়তায় নামিবিয়া শেষ বলেই জয় নিশ্চিত করে। ফিল্ডিং ও বোলিংয়েও নামিবিয়া দুর্দান্ত ছিল। একের পর এক দারুণ ক্যাচ ও কার্যকর বোলিংয়ে দক্ষিণ আফ্রিকাকে চাপে রাখা সম্ভব হয়। ট্রাম্পেলম্যান বোলিংয়ে ৩/২৮ রেকর্ড করেন। ফলাফল: নামিবিয়া ১৩৮/৬ (২০ ওভার) জয়ী; দক্ষিণ আফ্রিকা ১৩৪/৮ (২০ ওভার)।

## ব্যাটারদের দায়িত্বহীনতায় হেরেছে বাংলাদেশ: মিরাজ

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানকে টি-টোয়েন্টি সিরিজে হোয়াইটওয়াশ করেও ওয়ানডে সিরিজে স্বস্তি পাননি বাংলাদেশ। আবুধাবিতে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে আফগানিস্তানের কাছে ৮১ রানে হেরেছে টাইগাররা। এতে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জয় নিশ্চিত করেছে আফগান দল। শনিবার (১১ অক্টোবর) আবুধাবি শেখ জায়েদ স্টেডিয়ামে আফগানিস্তান আগে ব্যাট করে ৪৪.৫ ওভারে ১৯০ রানে অলআউট হয়। জবাবে বাংলাদেশ ২৮.৩ ওভারে মাত্র ১০৯ রানে গুটিয়ে যায়। আফগান বোলার রশিদ খান ৫ উইকেট নেন, আর আজমতউল্লাহ ওমরজাই শিকার করেন ৩ উইকেট। ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে বাংলাদেশের অধিনায়ক মেহেদী হাসান মিরাজ ব্যাটিং ব্যর্থতাকেই হারের মূল কারণ হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, “আমি মনে করি আমরা আজ ভালো বোলিং করেছি, আর ওই রানটা সহজেই তাড়া করা যেত। কিন্তু আজ আমরা খুবই খারাপ ব্যাটিং করেছি।” মিরাজ আরও জানান, ওপেনিং ও মিডল অর্ডারের ব্যাটাররা পার্টনারশিপ গড়তে ব্যর্থ হওয়ায় দলের রান তাড়া করা কঠিন হয়ে গেছে। “আমি ছেলেদের বলেছিলাম, ওপরে আমাদের পার্টনারশিপ দরকার, কিন্তু আমরা সেটা করতে পারিনি। পার্টনারশিপ শুরু করি, কিন্তু সেটাকে ধরে রাখতে ব্যাটাররা যথেষ্ট দায়িত্ব নিচ্ছে না,” যোগ করেন তিনি। সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচে হেরে গেলে বাংলাদেশ ওয়ানডেতে হোয়াইটওয়াশের লজ্জায় পড়তে পারে। এই ব্যর্থতা নিয়ে মিরাজ বলেন, “আমরা এখন হতাশ, তবে এখনও একটা ম্যাচ বাকি আছে। আমাদের ভাবতে হবে কীভাবে আরও শক্তভাবে ফিরে আসা যায়। ব্যাটিং উন্নত করতে হবে; যদি আমরা রান না করি, ওয়ানডেতে টিকে থাকা সম্ভব নয়।” সিরিজের শেষ ম্যাচ আগামী মঙ্গলবার (১৪ অক্টোবর) একই ভেন্যুতে অনুষ্ঠিত হবে।

## সীমান্তে ভারী অস্ত্র, ট্যাংক মোতায়েন করছে আফগানিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের সঙ্গে রক্তক্ষয়ী সংঘর্ষের পর সীমান্তজুড়ে ভারী অস্ত্র ও ট্যাংক মোতায়েন করেছে আফগানিস্তান। শনিবার রাতের সংঘর্ষে উভয় পক্ষের বহু হতাহতের পর পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ হয়ে উঠেছে। আফগান গণমাধ্যম টেলো নিউজ্এর বরাত দিয়ে আল জাজিরা জানিয়েছে, তালেবান সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয় পাকিস্তান সীমান্তবর্তী কুনার প্রদেশের বিভিন্ন এলাকায় ভারী অস্ত্র ও ট্যাংক মোতায়েন করছে। স্থানীয় বাসিন্দাদের বরাতে জানা গেছে, শনিবার রাতের ভয়াবহ গোলাগুলির পরও রোববার সকাল পর্যন্ত সীমান্ত এলাকায় থেমে থেমে গুলির শব্দ শোনা গেছে। তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ জানিয়েছেন, সংঘর্ষে ৫৮ পাকিস্তানি সেনা নিহত এবং ৩০ জন আহত হয়েছেন। অপরদিকে আফগান বাহিনীর ৯ সেনা নিহত ও ১৬ জন আহত হওয়ার কথা জানিয়েছেন তিনি। এর আগে সকালে আফগান গণমাধ্যমগুলো জানায়, সংঘর্ষে অন্তত ১৫ পাকিস্তানি সেনা নিহত হয়েছেন।